



অধ্যক্ষের কার্যালয়

উত্তর বাংলা কলেজ

ডাকঘর: কাকিনা, উপজেলা: কালীগঞ্জ, জেলা: লালমনিরহাট।

স্থাপিত: ১৯৯৪

প্রতিষ্ঠান কোড: ৮৯০৩০২৩২০১ (সাধারণ), ৮৯০৩০১৭২০১ (বি.এম), জাতীয় বিশ্ববিদ্যালয়: ২৯০৭, শিক্ষাবোর্ড: ৭৩২৬,




তারিখ: ০১ জুলাই, ২০২৬

নোটিশ

উত্তর বাংলা কলেজের সকল শিক্ষক-কর্মচারীবৃন্দ ও শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও ২০২৬ সালের এইচএসসি (বিএমটি) চূড়ান্ত পরীক্ষা আগামী ০২-০৭-২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ টা থেকে শুরু হবে। উক্ত পরীক্ষা উপলক্ষে আগামী ০২-০৭-২০২৬ তারিখ থেকে ০৮-০৮-২০২৬ তারিখ পর্যন্ত কলেজের পাঠদান কার্যক্রম বন্ধ থাকবে। ২০২৬ সালের এইচএসসি ও এইচএসসি (বিএমটি) পরীক্ষার রুটিন অনুযায়ী পরীক্ষার দিনগুলোতে কলেজের সকল শ্রেণির ক্লাস, ভর্তি ও ফরমপূরণ কার্যক্রম স্থগিত থাকবে (তারিখ: ০২, ০৪, ০৬, ০৮, ১১, ১৩, ১৫, ১৮, ১৯, ২২, ২৩, ২৫, ২৭, ২৯ ও ৩০ জুলাই, ২০২৬ এবং ০১, ০২, ০৪, ০৬ ও ০৮ আগস্ট, ২০২৬)। উল্লেখিত তারিখগুলোতে শুধুমাত্র পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীবৃন্দ কলেজে উপস্থিত থাকবেন। এছাড়া পরীক্ষার দিনগুলোতে পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ছাড়া পরীক্ষা চলাকালীন সময়ে সর্বসাধারণের কলেজ ক্যাম্পাসে প্রবেশ নিষেধ। পরীক্ষা চলাকালীন সময়ে সম্পূর্ণ কলেজ ক্যাম্পাস ১৪৪ ধারা জারি থাকবে।

দ্রষ্টব্য: পরীক্ষার দিন ব্যতীত অন্যান্য দিনগুলোতে কলেজের দাপ্তরিক কাজ যথারীতি চলবে এবং সকল শিক্ষক-কর্মচারীকে কলেজে উপস্থিত থাকতে হবে। পরীক্ষা চলাকালীন দিনগুলোতে কলেজ কর্তৃপক্ষ যেকোনো শিক্ষক-কর্মচারীকে কলেজের উপস্থিত হওয়ার জন্য তলব করতে পারেন।


হাসান আহমেদ
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উত্তর বাংলা কলেজ
কাকিনা, কালীগঞ্জ, লালমনিরহাট।